**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**জন এফ. ডুয়েন (John F. Duane)** (D)

**হ্যালো। আমার নাম John Duane। আমি নর্থ ইস্ট কুইন্স এ জন্মেছি এবং বেড়ে উঠেছি। আমি একযোগে একজন পিতা, এটর্নী এবং দীর্ঘদিনের কনজ্যুমার এডভোকেট এবং আপনাদের সমর্থন নিয়ে আমি আশা করি সিটি কাউন্সিলে সদস্য নির্বাচিত হয়ে আপনাদের এই কমিউনিটির প্রতিনিধিত্ব করার সুযোগ পাব। প্রথমে আমার নিজের সম্পর্কে কিছু বলা যাক। লিটল নেকে আমার বসবাস যেখানে একক অভিভাবক হিসাবে আমার তিন সন্তানদের বড় করেছি। আমি একটি ছোট একটি লীগে প্রশিক্ষকের দায়ীত্বরত ছিলাম, এবং নাউ ফর দ্যা এডাল্ট পার্সন্স সেবা চালু করি যা হাজার হাজার বয়স্ক ব্যক্তিদের জন্য গরম খাবার ও গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। আমি অসংখ্য স্থানীয় সংগঠনের সাথে নিজেকে যুক্ত করেছি যার মধ্যে রয়েছে ওয়েস্টমোরল্যান্ড সিভিক এসেসিয়েশন, দি নাইটস অব কলম্বাস, দি এলি পন্ড এনভায়রোমেন্টাল সেন্টার, দি লিটল নেক ডগলাসটন হিসটরিকাল সোসাইটি এন্ড দি কুইনস হিসটোরিকাল সোসাইটি। আমি হোলি ক্রস হাইস্কুল, কোলগেট ইউনিভার্সিটি এবং কলাম্বিয়া স্কুল অব ল থেকে গ্রাজুয়েশন নিয়েছি। যাদের প্রায়শতই কথা বলার অবস্থা নেই পাওয়ারফুল স্পেশাল ইনটারেস্ট নিয়ে, তাদের পক্ষে চ্যালেঞ্জ গ্রহন করে আমি আমার পেশাগত জীবনকে উৎসর্গ করেছি। একজন সাবেক সহকারী এটর্নী জেনারেল হিসেবে আমি কন এড বিরুদ্ধে বিজয়ী হয়ে করদাতার সেটেলমেন্টের জন্য ৩০ মিলিয়ন মার্কিন ডলার অর্জন করেছি। একজন সাবেক এসেম্বলম্যান হিসেবে আমি ভিয়েতনাম ভেটারেন্স টিউইশন এসিসট্যান্স আইন সহ ২২টি আইন প্রনয়ন করেছি। প্রাইভেট প্রাকটিস কালে আমি প্রতারক ক্রেডিট কাউন্সিলসর এর সাথে আইনী লড়াই করে প্রতারনার শিকারদেরকে ২৫০ মিলিয়ন ডলার তুলে দিতে পেরেছি। সিটি কাউন্সিলে প্রার্থীতা হবার কারন হলো একটি কঠিন চ্যালেঞ্জকে সঠিকভাবে মোকাবিলা করতে আমরা পারব - পারতেই হবে। মানসম্পন্ন জীবন বিষয়গুলো যেমন অতিমাত্রায় উন্নয়ন, কর্মসংস্থান, জননিরাপত্তা এইগুলিতে সীমাবদ্ধ দুঃখজনক হলেও রয়েছে জনগনের দূর্নীতি যা সর্বত্র ছড়িয়ে আছে, এই বিষয়টি আপনাদের প্রতিনিধি হিসেবে তুলে ধরব। আমি এই কমিউনিটির সাথে একাকার। আমি এই সমাজ, এই কমিউনিটিকে চিনি এবং আমি জানি যে, ঐক্যবদ্ধ প্রচেষ্টায় আমরা আমাদের ভালবাসার এই সিটিকে বসবাস, কাজ করার ও পরিবার নিয়ে থাকার উপযুক্ত স্থান হিসাবে গড়তে তুলতে পারব। একটা চুড়ান্ত টীকা: রাজনীতি হতে পারে একটি কদর্য ব্যবসা। কিন্তু এটা হওয়া ঠিক নয়। একটা পরিচ্ছন্ন ক্যাম্পেইন পরিচালনার পরিকল্পনা রয়েছে আমার যেখানে ইস্যুটাকে ফোকাস করা হবে, কোন ব্যক্তিকে না। আমাদের নির্বাচিত কর্মকর্তাগণকে হতে হবে আশাবাদী এবং আমাদের ভবিষ্যত গড়ার লক্ষ্যে যারা জীবন উৎসর্গ করতে ইতস্তত: করবেন না। আমার সাথে আপনি যদি একমত হন তাহলে আমার সাথে আসুন। আপনারা আমাদেরকে ফেসবুকে পাবেন অথবা আমার ক্যাম্পেইন-এ (৭১৮) ৪২৭-৪১৬৩ ফোন করতে পারেন। এই বিষয়গুলো নিয়ে আপনাদের সাথে ব্যক্তিগত পর্যায়ে আলোচনা অব্যাহত রাখার ইচ্ছা করি। আপনার সময়ের জন্য ধন্যবাদ।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**পল ডি. গ্রাজিআনো (Paul D. Graziano)** (D)

**আমার নাম Paul Graziano এবং ১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট এর একজন ডেমক্র্যাট প্রার্থী। নর্থ ফ্লাশিং-এর আদি বাসিন্দা হিসাবে নেইবারহুড নিয়ে আমার ভীষণ উদ্যেগ আছে যখন আমি ১৯৯৩ সালে কলেজ থেকে বারিতে আসি। আমি তাদক্ষনিক ব্যবস্থা নিয়ে নর্থ ইস্ট কুইন্সে বিভিন্ন সংগঠন প্রতিষ্ঠা করি যেখানে নর্থ ফ্লাশিং সিভিক এসোসিয়েশনও ছিল যা আমাদের কমিউনিটির অতিরিক্ত মানোন্নয়নে থেকে রক্ষায় সংকল্পবদ্ধ এবং সিটির সেবার সমূহের অঙ্গীকার। ফলশ্রুতিতে গত ২ দশক ধরে আমাদের কাউন্সিল ডিস্ট্রিক্টের বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের সাথে যোগ্যতা অনুযায়ী জীবনযাত্রার মানকে উচ্চমানে ধরে রাখার উদ্দেশ্যে। আর্বান প্ল্যানিং কনসালটেন্ট থেকে ১৯তম ডিসট্রিক্টের অধিকাংশ সিভিক এসোসিয়েশনসহ স্ট্রেট সিনেটর এবং সাবেক কাউন্সিল মেম্বার Tony Avella আমার প্রতি সমর্থন ব্যক্ত করেছেন, আমিও ডাউনজোনিং এর ডিজাইনে সহায়তা করেছি যেগুলো এখন আইনে পরিনত হয়েছে, যা ১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট ওভার ডেভেলপমেন্টকে থামিয়ে দিবে এবং কো-অথারড দি R2A "এন্টিম্যাক ম্যানসন জোন" যা নর্থ ইস্ট কুইন্স এর  সর্বত্র বড় বড় এক পরিবারের জন্য বাড়ি নির্মানে বাঁধা দিবে। আমার অপারাপর অগ্রাধিকার ভিত্তিক কর্মসূচীর মধ্যে রয়েছে স্কুল ডিস্ট্রিক্ট ২৫ এবং ২৬ নিউ ইয়র্কের মধ্যে সেরা অবস্থান ধরে রাখবে, যাতে শিক্ষার্থীদের পিতা-মাতা ও শিক্ষকগণকে স্থানীয় নিয়ন্ত্রক হিসেবে মর্যাদা ফিরিয়ে দেয়া এবং একই সাথে শিক্ষা পরিদপ্তরকে বাতিল করে দেয়া, আউট-অব-কন্ট্রোল প্রপার্টি ট্রাক্স এমন হারে বৃদ্ধি পেয়েছে যে আমাদের কাউন্সিল ডিস্ট্রিক্ট নিউ ইয়র্ক এর দ্বিতীয় সর্বোচ্চ ট্যাক্স প্রদানকারী এলাকা হিসেবে চিহ্নিত তা বন্ধ করা, বানিজ্যিকরণ থেকে আমাদের পার্ক গুলোকে রক্ষা করা এবং নিশ্চিত হতে হবে যে এগুলোকে যথাযথভাবে অর্থায়ন হচ্ছে এবং ল্যান্ডমার্কিং  এডওয়ে ফ্লাশং এবং আমাদের অন্যান্য ঐতিহাসিক নেইবারহুডগুলোকে রক্ষা করা যাতে আগামী প্রজন্ম তা ভোগ করতে পারে। আমার বিশ্বাস উন্নত পাবলিক সেবাদান-একটি উচ্চমাপের নীতির মাধ্যমে আমাদের নেইবারহুডদের উপর কার্যকর প্রভাব প্রতিফলিত হতে পারে  যা হবে সবচেয়ে গুরুত্বপূর্ণ। আমার অধিকাংশ প্রতিপক্ষের মত আমি ক্যাম্পেইনের জন্য কোন অনুদান ডেভেলপার, লবিষ্ট, এটর্নী অথবা যে কোন ধরনের স্পেশাল ইন্টারনেট গ্রুপ থেকে তাদের নিজস্ব সুবিধা ভোগের প্রত্যাশায় আমাকে প্রভাবিত করবে বলে আমি তা গ্রহে অস্বীকার করেছি। আমি Paul Graziano আপনারা আমাকে ৫ নভেম্বরের সাধারণ নির্বাচনে সুচিন্তিত রায় দিয়ে জয়যুক্ত করবেন বলে আমার বিশ্বাস এবং সেপ্টেম্বর ১০ তারিখের ডেমক্রেটিক প্রাইমারীতেও আপনাদের সমর্থন প্রত্যাশিত।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**১৯তম সিটি কাউন্সিল ডিষ্ট্রিক্ট**
**অস্টিন আই. শাফরান (Austin I. Shafran)** (D)

**হাই, আমি Austin Shafran, আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে আমাদের নেইবারহুড এর প্রতিনিধি নির্বাচনের জন্য ডেমোক্রাটিক পার্টি থেকে মনোনীত প্রার্থী হিসেবে আমি প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার জীবনের পুরোটা অংশ আমি নর্থ ইস্ট কুইন্সে কাটিয়েছি যেখানে আমার  শিশুকাল কেটেছে স্থানীয় বিদ্যালয়ের  চৌহদ্দীতে লেখাপড়া শিখে, লীগ ফুটবলে অংশ দিয়ে। একটি গ্রাম্য পরিবেশ থেকে বেড়ে ওঠা এই মানুষটির উপলব্ধি হল মধ্যম শ্রেনীর মানুষের প্রয়োজন অবশ্যই আমাদের  প্রতিটি কাজের নাড়ির সাথে সম্পৃক্ত। আমাদের জনগোষ্ঠীর দৃষ্টি একটি উচ্চ বেতনের চাকরির দিকে যার যোগ্যতা তাদের অবশ্যই আছে, তারা চায় তাদের সন্তানরা একটি মানসম্পন্ন স্কুলে লেখাপড়া করুক। তারা স্বল্প করদাতা হতে পছন্দ করে, পছন্দ করে সাধ্যের মধ্যে আবাসন ব্যবস্থা এবং স্বাস্থ্যসেবা এবং কংগ্রেসম্যান Gary Ackerman ও গভর্ণর Cuomo এর সাথে কাজ করে, এ সম্পর্কে আমার সঠিক অভিজ্ঞতা রয়েছে এবং সুস্পষ্ট দর্শনও এ সম্পর্কে অর্জিত হয়েছে ও কিভাবে কাজটি আমি সম্পন্ন করব। এ কারনেই আমি সিটি কাউন্সিলে প্রার্থী যার ফলে মধ্যম শ্রেণীর পক্ষে শক্তিশালী প্রবক্তা হিসেবে কথা বলতে পারব, যারা এই সিটিকে সাফল্যের পরিপূর্ণতা দান করতে পারে। আমাদের নগরবাসীদের একটি সুন্দর জীবনযাত্রা রয়েছে যা আর কারো নেই। কিন্তু সিটি হল থেকে আমরা আমাদের আসল পাওনাটা শেয়ার করতে পারছিনা। আমি এ বিষয়টির বিরুদ্ধে লড়ে যাচ্ছি, যার সাথে আমার ছায়া সংগী হয়ে আছে আমার অভিজ্ঞতা যা আপনাদের সেবাদানে যথেষ্ট এবং দেশাত্ববোধ নিয়ে যাবে আমাকে সাফল্যের শিঁখরে। এর জন্য যা প্রয়োজন তা হলো সততা, কার্যকর নেতৃত্ব যাতে দেশ তার যথার্থ প্রাপ্য বুঝে নিতে পারে।  স্থানীয় জনগোষ্ঠীর এবং শিক্ষকদের জন্য অধিকতর আর্থিক সহায়তা দিতে হবে যাতে স্কুলগুলো আলোর সন্ধান পায়, সম্পত্তির কর কমাতে হবে যাতে আবাসন সমস্যার সমাধান করা যায়, সহযোগিতা নামে মালিকানা এবং আকাশচুম্বী পানির উচ্চহার কমাতে হবে যা  মধ্যমশ্রেনীকে ডুবানোর জন্য যথেষ্ঠ। আগের সেক্টরগুলো আরো অধিক হারে অর্থ লগ্নিকরণ, নেইবরহুড পার্ক এবং লাইব্রেরীকেও অর্থলগ্নি বৃদ্ধি করতে হবে। মনে রাখা ভাল, এই সকল ক্ষেত্রে অধিক অর্থ লগ্ন সৌখিনতা নয়, বরং এগুলো এখন অবশ্যই প্রাপ্যের অন্তর্ভুক্ত। আমি দূর্নীতি রোধে লড়াই চালাব, স্কুলগুলোকে আরো সমৃদ্ধ করবো এবং পরিবার ও বয়স্কদের সেবা করবো, কারণ এটাই আমাদের মধ্যম শ্রেনী চায়, এবং আমি সেই ব্যক্তি–স্থানীয় ছেলেটি যে,  তার সবচেয়ে ভাল কাজটি করার চেষ্টা করছে আমাদের কমিউনিটির জন্য সবচেয়ে সেরা জিনিস পাওয়ানোর জন্য।**

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**পল এ. ভ্যালোন (Paul A. Vallone)** (D)

আমার নাম  Paul Vallone এবং আমি একজন ডেমোক্র্যাট গর্বের সাথে  NYC কাউন্সিলে প্রার্থী হয়েছি! আজ হতে ১৯ বছর আগে আমার বিবাহ হয়। আমার তিনজন চমৎকার সন্তান রয়েছে এবং ১৮ বছর পূর্বেই আমরা পরিবার নিয়ে এই কমিউনিটিতেই বেড়ে উঠবো বলে বেছে নিয়েছিলাম। আমি নিউ ইয়র্ক সিটি কাউন্সিল নির্বাচনে  প্রার্থী হয়েছি পুনরুদ্ধার, পুনরধিষ্ঠিত এবং সম্মান-এর জন্য। প্রথমে আমি আমাদের পুনরুদ্ধার কাউন্সিল সীট প্রসঙ্গে আসি। এটি আমাদের সমগ্র ডিস্ট্রিকট একটি বিব্রতকর বিষয়। পুনরধিষ্ঠিত অখন্ডতা এবং বিশ্বাস-এই শব্দগুলো এখন আর রাজনীতির সাথে যায় না। নির্বাচিত কর্মকর্তা এবং প্রতিনিধিত্বকারী কমিউনিটি একটা পবিত্র বিশ্বাস অবশ্যই থাকতে হবে এবং আমি এই বন্ধন ধরে রাখতে পেরেছি বলে গর্ববোধ করি যা Vallone পরিবার তিন পুরুষ ক্রমে রক্ষা করে চলেছে এবং আমি আমার কমিউনিটিকে সম্মান করি। আমি জীবনের গুনগত মানোন্নয়নে সংগ্রাম করে যাব যে জন্যে আমরা সকলেই সন্তানদের বেড়ে ওঠার জন্য এই কমিউনিটিকেই বেছে নিয়েছি। এর অর্থ হল, আমরা অবশ্যই নিরাপদ থাকব। জননিরাপত্তাবিহীন অবস্থায় আমাদের কী আর থাকতে পারে। আমাদের অবশ্যই অফিসিয়াল খরচের পরিধি বাড়াতে সমর্থন এবং তহবিল সংরক্ষন করতে হবে যাতে আমাদের পুলিশি বিভাগের আকার শক্তিশালী রুপ পায়। এই কারনে আমি লেফটেন্যান্ট, ডিটেকটিভ ও ফায়ার মার্শাল এসোসিয়শন প্রভৃতি থেকে অকুন্ঠ সমর্থন পেয়ে অত্যন্ত আনন্দিত। আমাদেরকে আবাসিক সাম্প্রদায়ের সংরক্ষণ করে যেতে হবে এবং আমাদের স্কুল ডিস্টিক্টগুলোকে সিটিতে সেরা অবস্থানে রাখতে হবে। আমাদেরকে অবশ্যই কর-এর মাত্রা কমিয়ে আনতে হবে এবং ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসাকে বাঁচিয়ে রাখতে হবে। কতটুকু বর্ধিত, নিরুপন, পানি ও পয়ঃনিস্কাশন, টিকেটগুলো এবং জরিমানা-এত কিছু কি একটি ক্ষুদ্র ব্যবসায়ী বা একটি বাড়ির মালিকের পক্ষে বহন সম্ভব? আমি আপনাদের অনেকের সঙ্গে গর্বের সাথে আমাদের ইওথ স্পোটস প্রোগ্রামে কাজ করছি কমিউনিটি বোর্ড নং ৭ এর সদস্য হিসেবে; বে সাইড হোয়াইট স্টোন লায়নস ক্লাবের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট হিসেবে এবং ক্লিনটন ডেমোক্রেটিক ক্লাব এর একজন সদস্য হিসেবে সেবা প্রদান করেছি। আমাকে আমাদের ডিষ্ট্রিক্ট নেতৃবৃন্দ, স্থানীয় নির্বাচিত-কর্মকর্তাগন এবং আমাদের কুইনস্ ডেমোক্রেটিক পার্টি যেভাবে আমাদের প্রচারনায় সমর্থন ও সহযোগিতা করে আমাকে সম্মানিত করেছে তা অভূতপুর্ব। এই হচ্ছে একতা এবং শক্তি যা আমি আমাদের কমিউনিটিতে এনেছি। আসুন এক সাথে আমরা NYC কাউন্সিল সীটটি পুনরুদ্ধার করি।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত।  ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

**১৯তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট**
**ক্রিসি ভোসকেরিশিয়ান (Chrissy Voskerichian)** (D)

হ্যালো। আমার নাম Chrissy Voskerichian এবং আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে আমি নর্থইষ্ট কুইন্স থেকে প্রতিদ্বন্দ্বিতা করছি। আমার প্রার্থীতার কারণ আমার সমাজ ব্যবস্থায় এমন একজন লোকের আজ প্রয়োজন যিনি একযোগে সেবা দানে যেমন প্রস্তুত তেমনি সমাজের স্বার্থে উৎসর্গ করতে প্রস্তুত। আমার সারা জীবন কেটেছে নর্থইষ্ট কুইন্সে। আমার স্বামীর সাথে বিয়ের পর, আমরা বাড়ি ক্রয় করি আবার্নডেলে যেখানে আমার শৈশব কেটেছে তার থেকে মাত্র দুই ব্লক পরে। এই সামাজদেহে একটি পরিবার কিভাবে বেড়ে ওঠে আমি বুঝি, এবং এও বুঝি কিভাবে কোমল শিশুদের সুকুমার বৃত্তিগুলো পরিষ্ফুটিত করতে হয় বা আমাদের অগ্রজাতূল্য ব্যক্তিবর্গের চিন্তাধারা বিকশিত করতে হয়। আমি যে বিদ্যালয়ে পড়েছি সে বিদ্যালয়েই আমার শিশু সন্তানেরা লেখাপড়া করে, এবং আমার বাচ্চারা সেই উদ্যানে খেলছে, যেখানে খেলে আমি বড় হয়েছি। আমাদের স্কুল এবং পার্কগুলোকে রক্ষা করা প্রয়োজন এবং আগামী প্রজন্মের শিশুদের জন্য একটি সুন্দর শিক্ষাঙ্গন গড়ে তুলতে বর্তমান ধারার শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এবং এদের উদ্যান গুলোকে আরো উন্নত করতে হবে। মাত্র ১৬ বছর বয়সে আমি কাজ শুরু করি। ৩১ বছর কর্মজীবনের ইতি টেনেছি যে প্রতিষ্ঠান থেকে সেটি হল পৃথিবীর বৃহৎ টেলি কমিউনিকেশন প্রতিষ্ঠানের একটি এবং আমি ছিলাম ওখানের গ্লোবাল সেলস এন্ড অপারেশনস্ এর পরিচালক। আমার কর্মকালে, আমার স্বামী ও আমি দুজনে আমার দুটি সন্তানকে চমৎকারভাবে গড়ে তুলি, বিকালে আমি বিদ্যালয়ে যেতাম এবং আমার নেইবারহুডের উন্নত আবাসন যাতে নিশ্চিত করা যায় সে ক্ষেত্রে যতটুকু সম্ভব আমি করতাম। আমার প্রতিবেশীকে যাতে স্থানীয় ব্যবসার সাথে সম্পৃক্ত হতে পারে সে লক্ষে ২০০৫ সালে আমি স্টেশন রোড সিভিক প্রতিষ্ঠা করি। ২০০৯ সালে আমি ১০৯তম প্রেসিংক্ট কমিউনিটি কাউন্সিলের সভানেত্রী নির্বাচিত হই সেখানে নেইবাহরহুডের অধিকতর নিরাপদ জীবনের জন্য আমাকে কঠোর পরিশ্রম করতে হয়েছে। ব্যবসা থেকে অবসর নেয়ার পর আমি সিটি কাউন্সিলের জন্য কাজ করি এবং এর মাধ্যমে আমি শত শত লোকের সমস্যা সমাধানে এবং সরকারী চাকুরী প্রাপ্তিতে কার্য্যকর সহায়ক ভুমিকা পালন করি। কেহ যদি কখনো সাহায্যের জন্যে আমার শরনাপন্ন হতো আমি তখন ঐ দায়ীত্বটা ব্যক্তিগতভাবে নিতাম কারণ আমি কোন সম্প্রদায়ের সাথে নিজেকে যুক্ত করিনি কারণ আমি মনে করতাম একদিন আমাকে পাবলিক অফিসের জন্য নির্বাচন করতে হতে পারে; কারণ আমি এমন একটা সমস্যা এর আগেও দেখেছি। যাতে এই সমাধানগুলোতে কারো না কারো এগিয়ে আসার প্রয়োজন দেখা দেয়। কাউন্সিলে আমি সে মনোভাবটা তুলে ধরব; কঠোর পরিশ্রম ও কিছু করার প্রতিশ্রুতি এদের মধ্যে কোনটি সঠিক।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*